



জগন্নাথ বিশ্ববিদ্যালয়
Jagannath University

বাংলা বিভাগের উদ্যোগে বসন্ত উৎসব ১৪২৫ উদযাপিত



স্পর্শ, গন্ধ, বর্ণ, শব্দ, ছন্দ ও তানে ফাগুন যে আজ এসেছে ভুবনে। ফুল ফুটুক আর না ফুটুক, আজ বসন্ত। এই ঋতুরাজ বসন্তকে বরণ উপলক্ষে ১ ফাল্গুন-১৪২৫/১৩ ফেব্রুয়ারি ২০১৯, বুধবার, সকাল ১১টায় বাংলা বিভাগের উদ্যোগে 'বসন্ত উৎসব ১৪২৫' উদযাপন অনুষ্ঠান ভাষা শহীদ রফিক ভবন প্রাঙ্গণে অনুষ্ঠিত হয়। বাংলা বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. আরজুমন্দ আরা বানু-এর সভাপতিত্বে বসন্ত উৎসবটি অনুষ্ঠিত হয়। এসময় জগন্নাথ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. দীপিকা রাণী সরকার, বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের চেয়ারম্যান, শিক্ষক, কর্মকর্তা ও শিক্ষার্থীবৃন্দ উপস্থিত ছিলেন। উল্লেখ্য, নৃত্য, গান ও আবৃত্তি পরিবেশনার মধ্য দিয়ে বসন্ত বরণ উদযাপিত হয়। অনুষ্ঠানটি বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারী উপভোগ করেন।